brac institute of governance & development

জুলাই – ডিসেম্বর ২০২২ ■ সংখ্যা ১৫ ■ ত্রৈমাসিক সংবাদ সংকলন

পাবলিক প্রকিউরমেন্ট ওয়াচ

এক নজরে

০২ সিটিজেন এনগেজমেন্ট ফোরাম: কক্সবাজার, মৌলভীবাজার, রংপুর

০৩ সরকারি ক্রয়কার্যে নাগরিক সম্পৃক্ততার গুরুত্ব ও সামাজিক সচেতনতা বিষয়ক জাতীয় সেমিনার সম্পন্ন



সিটিজেন এনগেজমেন্ট ফোরাম

চট্টগ্রাম

১৫ সেপ্টেম্বর ২০২২ -এ চট্টগ্রামে অনুষ্ঠিত হয় সিটিজেন এনগেজমেন্ট ফোরাম। এই ফোরামে অতিথিরা জুম মিটিং অ্যাপের মাধ্যমে ঢাকা থেকে অংশ নেন এবং ব্র্যাক ইনস্টিটিউট অফ গভর্ন্যান্স অ্যান্ড ডেভলপমেন্ট (বিআইজিডি) দলের সাথে চট্টগ্রামের অংশগ্রহণকারীগণ চট্টগ্রাম সার্কিট হাউসে উপস্থিত থেকে অংশ নেন। বিরূপ আবহাওয়া সত্ত্বেও ফোরামে অংশগ্রহণের হার ছিলো শতভাগ। অনুষ্ঠানে আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান বলেন, সুশাসন নিশ্চিত করার জন্য সরকারী কর্মকর্তাদের উচিত জনগণের সাথে সম্পৃক্ততা বাড়ানো। পরিবর্তনের নতুন ধারায় জনগনকে সম্পৃক্ত করতে ও উৎসাহ দিতে তিনি নাগরিক পর্যবেক্ষকদের সেরা দলকে স্বীকৃতি দেয়ার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেন। মোঃ আশরাফুদ্দিন, বিভাগীয়

BIGD, Brac University
SK Centre, GP, JA/4, Mohakhali
Dhaka 1212

+88 02 5881 0306, 5881 0326
info@bigd.bracu.ac.bd
http://bigd.bracu.ac.bd

কমিশনার, চট্টগ্রাম বলেন, তাঁর পক্ষ থেকে যেকোন প্রকার সাহায্যের জন্য তিনি প্রস্তুত। তিনি সরকারি ক্রয়কার্যে নাগরিকদের জড়িত করার প্রক্রিয়ার প্রশংসাও করেন। মোঃ রমজান আলী প্রামানিক, পানি উন্নয়ন বোর্ড, ক্রয় প্রক্রিয়ায় নাগরিকদের সম্পৃক্ততাকে অপরিহার্য বলে উল্লেখ করেন। তবে প্রক্রিয়াটির কিছু অসুবিধাও তিনি অনুষ্ঠানে তুলে ধরেন। যেমন কিছু কিছু ক্ষেত্রে মুষ্টিমেয় কিছু লোক মানহানি বা, অভিযোগ ছড়ানোর চেষ্টা করে যা সংশ্লিষ্ট বিভাগ বা, প্রকল্পের জন্য সমস্যা তৈরি করে। এ কারণেই "চেক অ্যান্ড ব্যালেন্স সিস্টেম" আরও গুরুত্বপূর্ণ বলে তিনি মতামত দেন।

সিইএফ, কক্সবাজার

সিইএফ, চট্টগ্রাম

কক্সবাজার

২২ সেপ্টেম্বর ২০২২-এ কক্সবাজার সার্কিট হাউসে অনুষ্ঠিত হয় সিটিজেন এনগেজমেন্ট ফোরাম। ফোরামে আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান আমলাতন্ত্র এবং সাধারণ মানুষের মধ্যে ভারসাম্য তৈরি করার কথা উল্লেখ করেন। সবকিছুকে রাজনৈতিক দৃষ্টিকোন থেকে দেখার চেষ্টা না করে পরিস্থিতিকে অনুধাবনের জন্য তিনি স্থানীয় জনপ্রতিনিধিদের প্রতি আহবান জানান। এতে তথ্য-উপাত্তের সহায়তা নিয়ে প্রশাসনকে যৌক্তিকভাবে জবাবদিহিতার মুখোমুখি করা যায় বলেও তিনি মন্তব্য করেন। কক্সবাজারের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোঃ মামুনুর রশিদ বলেন, তিনি তার দিক থেকে যেকোন ধরণের সাহায্য করতে প্রস্তুত। ফোরামে উপস্থিত একজন ঠিকাদার নাজমুল হাসান পুরো উদ্যোগটির প্রশংসা করেন। তিনি তার বক্তব্যে দুটি প্রধান সমস্যা তুলে ধরেন: জনবলের অভাব এবং দীর্ঘ প্রক্রিয়া। তার মতে, সংশ্লিষ্ট সকল পক্ষের মধ্যে সমন্বয় সাধন করা গেলে পুরো প্রক্রিয়াটি আরও কার্যকর হয়ে উঠবে। নাগরিক পর্যবেক্ষক দলের একজন সদস্য তার নিজের অভিজ্ঞতার আলোকে জানান, মানসম্পন্ন কাজ নিশ্চিত করার জন্য নাগরিকদের সম্পৃক্ততা আবশ্যক। এটি একটি ভারসাম্য তৈরি করে সামগ্রিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে বলেও তিনি জানান।

এরপর স্বীকৃতি প্রদান অনুষ্ঠানের মাধ্যমে সিটিজেন এনগেজমেন্ট ফোরামটি শেষ হয়। সবচেয়ে সক্রিয় নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান।

মৌলভীবাজার

মৌলভীবাজার সার্কিট হাউসে ২০ অক্টোবর ২০২২-এ আয়োজন করা হয় সিটিজেন এনগেজমেন্ট ফোরামের। অনুষ্ঠানে আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, যখন কোন নাগরিক কোন অভিযোগ জানান, সেটি সম্পর্কে পূর্ব অনুমান না করে তাদের উদ্বেগ বা, অভিযোগকে গুরুত্ব দেয়া দরকার। কারণ সুশাসন নিশ্চিত করতে নাগরিকদের কণ্ঠস্বর শুনতে হবে। নাগরিকদের কথা শুনলে তারা সরকারি ক্রয়কাজে সম্পৃক্ত হওয়ার প্রক্রিয়ায় আরও আগ্রহ নিয়ে অংশ নেবেন বলেও তিনি মতামত দেন। ঠিকাদারদের উদ্দেশ্যে তিনি বলেন যে, ঠিকাদারদের বুঝতে হবে তারাও সাধারণ মানুষ। তাই আমাদের সকলকে বৃহত্তর ভালোর জন্য কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে। মৌলভীবাজারের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মীর নাহিদ হাসান জানান যে, তিনি সরকারি ক্রয়কাজে নাগরিক সম্পৃক্ততার ব্যাপারে আগ্রহী এবং প্রতিটি সরকারি

সিইএফ, মৌলভীবাজার

বিভাগকে সাথে নিয়ে কাজ করতে ইচ্ছুক। তিনি আরও যোগ করেন, মৌলভীবাজার জেলা প্রশাসন মনিটরিং প্রক্রিয়া নিশ্চিত করতে আন্তরিকভাবে কাজ করছে এবং বিভিন্ন প্রকল্প থেকে পাওয়া অভিযোগ নিষ্পত্তি করছে। পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মোঃ আখতরুজ্জামান কাজের সকল সাইটে সাইনবোর্ড দেওয়ার যে উদ্যোগ, সেটির প্রশংসা করেন।

এরপর স্বীকৃতি প্রদান অনুষ্ঠানের মাধ্যমে সিটিজেন এনগেজমেন্ট ফোরামটি শেষ হয়। সবচেয়ে সক্রিয় নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান। সম্মাননা স্মারকপ্রাপ্ত একজন সদস্য রুবেল আহমেদ সরকারি ক্রয়কার্যে নাগরিকদের অন্তর্ভুক্ত করার জন্য প্রকল্পটির প্রশংসা করেন। আকস্মিক প্রাকৃতিক দুর্যোগ এবং তা থেকে রক্ষা পেতে একইধরনের কোন দল গঠন করা যায় কি না, সেটি বিবেচনায় নেওয়ার জন্যও তিনি উপস্থিত কর্তৃপক্ষকে অনুরোধ জানান।

রংপুর

রংপুর সার্কিট হাউসে ২৭ অক্টোবর ২০২২-এ আয়োজিত হয় সিটিজেন এনগেজমেন্ট ফোরাম। পরিকল্পনা মন্ত্রণালয়ের আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, সরকারি কর্মকর্তাদের উচিত জনগণের ডাকে সাড়া দেয়া। জনসম্পৃক্ততাই সরকারি কর্মকর্তাদের কাজের স্বীকৃতি দেবে। রংপুরের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব আসিব আহসান বলেন, তিনি

রংপুরে সম্মাননা স্মারকপ্রাপ্ত নাগরিক দলের সদস্যদের সাথে বিআইজিডি'র প্রতিনিধিবৃন্দ

সরকারি ক্রয়ে নাগরিকদের সম্পৃক্ত করার ব্যাপারে যে ধরণের সহায়তা প্রয়োজন, তা করতে প্রস্তুত। অনুষ্ঠানে উপস্থিত একজন সহকারী প্রকৌশলী জনাব সাইফুল ইসলাম বলেন যে, দেশ ও জনগণের উন্নয়নে এ ধরনের আরও উদ্যোগ প্রয়োজন এবং তিনি পরামর্শ দিতেও আগ্রহী। বিভিন্ন প্রকল্পে পরিবহন ও অন্যান্য ক্রয়ে যেসব অসুবিধা হয়, তা দূর করার ব্যাপারে কি করা যেতে পারে, সে বিষয়ের উপরেও তিনি আলোকপাত করেন। এরপর স্বীকৃতি প্রদান অনুষ্ঠানের মাধ্যমে সিটিজেন এনগেজমেন্ট ফোরামটি শেষ হয়। সবচেয়ে সক্রিয় নাগরিক পর্যবেক্ষক দলের সদস্যদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান।

সরকারি ক্রয়কার্যে নাগরিক সম্পৃক্ততার গুরুত্ব ও সামাজিক সচেতনতা বিষয়ক জাতীয় সেমিনার সম্পন্ন

গত ৩১ অক্টোবর, ২০২২ তারিখে রাজধানীর একটি হোটেলে সরকারি ক্রয়কার্যে নাগরিক সম্পৃক্ততা নিয়ে সামাজিক সচেতনতা বিষয়ক একটি জাতীয় সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আবু হেনা মোরশেদ জামান, সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়। মোহাম্মদ শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট অ্যান্ড টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ) অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সিপিটিইউ'র পরিচালক জনাব মোঃ আজিজ তাহের খান তাঁর স্বাগত বক্তব্যে সেমিনারের মূল উদ্দেশ্য বর্ণনা করেন। তিনি সরকারি ক্রয়কার্যে নাগরিকদের সম্পৃক্ততার গুরুত্ব তুলে ধরেন। তিনি আরও উল্লেখ করেন যে, সরকার তথ্য পাওয়ার অধিকার এবং তথ্য প্রচারে বিশ্বাসী।

ব্র্যাক ইনস্টিটিউট অফ গভর্ন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট (বিআইজিডি)'র গবেষক দলের প্রধান ড. মির্জা হাসান প্রকল্পের বিবর্তন, বাস্তবায়ন প্রক্রিয়া, প্রকল্পের অর্জন এবং সফলতার উপর একটি উপস্থাপনা দেখান। সুন্দর একটি ভবিষ্যতের জন্য তিনি কার্যকরী মডেল প্রণয়নেরও প্রস্তাব করেন।

বিসিসিপি'র (বাংলাদেশ সেন্টার ফর কমিউনিকেশন প্রোগ্রাম) প্রতিনিধি ডিআইএমএপিপিপি (DIMAPPP)-এর উদ্দেশ্য, কেন্দ্র এবং কাজের পরিধি সম্পর্কে একটি সংক্ষিপ্ত বিবরণ দেন। তারপরে তিনি ডিআইএমএপিপিপি-এর অধীনে থাকা কার্যক্রমগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। একটি টিভিসি এবং ই-জিপি সংক্রান্ত একটি ছোট ভিডিওর মাধ্যমে তিনি তাঁর বক্তব্য উপস্থাপন করেন।

সিটিজেন পোর্টাল, মোবাইল অ্যাপ এবং সোশ্যাল মিডিয়া নিয়ে উপস্থাপনা প্রদান করেন ডিনেট'র প্রতিনিধি। এরপর মডারেটর সবাইকে ধন্যবাদ জানিয়ে উন্মুক্ত আলোচনা শুরু করেন।

জনাব মোহাম্মদ শোহেলের রহমান চৌধুরী নাগরিকদের সরকারি ক্রয়কার্যে সম্পৃক্ত করার গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, নাগরিকরা গুণগতমান এবং স্বচ্ছতা নিশ্চিত করতে সহায়তা করতে পারে এবং গবেষণায় দেখা গেছে, এই সহায়তার ফলে সরকারি ক্রয় কার্যক্রম আরও ভালভাবে সম্পন্ন হয়।

বিআইজিডি'র গবেষক সৈয়দা সেলিনা আজিজ যোগ করেন যে, নাগরিক পর্যবেক্ষক দলের জন্য সদস্যদের নির্বাচন করার নির্দেশিকা অনুসরণ এবং তাদের নেপথ্য পর্যালোচনা করায় শোষণের সুযোগ কম। গত চার বছরে যেসব ইউনিয়নে কাজ করা হয় নি, সেসব ইউনিয়নেও কর্মপরিধি বৃদ্ধি করার কথা জানান তিনি।

আইএমই বিভাগের সচিব এবং অনুষ্ঠানটির সভাপতি জনাব আবু হেনা মোরশেদ জামান তাঁর বক্তব্য উপস্থপন করছেন।

বিআইজিডি'র নির্বাহী পরিচালক ড. ইমরান মতিন ভবিষ্যৎ প্রকল্প নিয়ে তাঁর চিন্তাভাবনা জানান। তৃণমূল পর্যায়ে নাগরিকদের জড়িত করার জন্য আরও কার্যকর প্রকল্প ও প্রযুক্তির প্রয়োজনীয়তার উপর তিনি জোর দেন। তিনি কঠোর মান যাচাই এবং সামাজিক জবাবদিহিতার গুরুত্বও উল্লেখ করেন।

বিশ্বব্যাংকের জ্যেষ্ঠ প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ জনাব এ এন এম মুস্তাফিজুর রহমান সরকারি ক্রয়কার্যে নাগরিকদের সম্পৃক্ততার গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখেন। তিনি বাংলাদেশের নাগরিক সম্পৃক্ততা প্রকল্পের সাফল্য তুলে ধরেন এবং বিশ্বব্যাংক থেকে অব্যাহত সহায়তার ব্যাপারে তুলে ধরেন।

আইএমই বিভাগের সচিব জনাব আবু হেনা মোরশেদ জামান সরকারি ক্রয় এবং উন্নয়ন প্রকল্পে নাগরিকদের সম্পৃক্ততার গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখেন। তিনি ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা এবং দক্ষতার প্রয়োজনীয়তা তুলে ধরেন। টেকসই উন্নয়ন নিশ্চিত করতে ঠিকাদার এবং নাগরিকদের সাথে কাজ করার গুরুত্বের ওপরও তিনি জোর দেন।

সমাপনী বক্তৃতায় সিপিটিইউ'র মহাপরিচালক জনাব মোহাম্মদ শোহেলের রহমান চৌধুরী জানান, সিপিটিইউ সরকারি ক্রয়কার্য উন্নত করতে প্রয়োজনীয় তথ্যভান্ডার, ই-চালান, ডিপিএম ব্যবস্থা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইসিএমএস, ইলেকট্রনিক অডিট এবং এনআইডি একীকরণসহ বেশ কয়েকটি নতুন উদ্যোগ নিয়েছে। এই উদ্যোগগুলি পুরো প্রক্রিয়াটিকে আরও স্বচ্ছ, দক্ষ এবং জবাবদিহিমূলক করে তুলবে বলে তিনি আশা প্রকাশ করেন।

ডিসক্লেইমার

এপ্রিল-জুন প্রান্তিকে উল্লেখযোগ্য কার্যকলাপের সীমাবদ্ধতার কারণে, সে সময়ের কোন নিউজলেটার প্রকাশিত হয়নি। জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকে দুটি CEF (সিটিজেন এনগেজমেন্ট ফোরাম) এবং অক্টোবর-ডিসেম্বর প্রান্তিকে দুটি CEF (সিটিজেন এনগেজমেন্ট ফোরাম) এবং একটি জাতীয় সেমিনার হয়েছে। এই কারণে, দুটি ত্রৈমাসিক একত্রিত করে এই নিউজলেটারটি একটি বিশেষ ১৫ তম সংখ্যা হিসাবে প্রকাশিত হচ্ছে।

সম্পাদক: সেলিনা আজিজ | নির্বাহী সম্পাদক: জিহাদ আল মেহেদী
পরিকল্পক: মুহাম্মদ আব্দুর রাজ্জাক